দৈনিক সংবাদ

12

১০/০৫/৯৬

তারিখ ১০ ৫

পৃষ্ঠা ৪ কলাম ৬

## সবার জন্য শিক্ষা

সরকার সবার জন্য শিক্ষা এবং শিক্ষার জন্য সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। শিক্ষাকে কর্মমুখী করার জন্য ষষ্ঠ ও নবম শ্রেণীর বই নতুন আঙ্গিকে প্রণয়নের ব্যবস্থাও গ্রহণ করেছেন; কিন্তু নতুন শিক্ষাবছরের চার মাস অতিক্রান্ত হলেও ছাত্রছাত্রীরা বই না পেয়ে চরম হতাশায় ভুগছে। ইতিমধ্যে বাজারে কিছু কিছু বই পাওয়া গেলেও নির্ধারিত মূল্যের চেয়ে তিনগুণ বেশি দিয়ে কিনতে হচ্ছে। গত ১৩ই এপ্রিল দৈনিক ইত্তেফাকে প্রকাশ, একজন শিক্ষয়িত্রী একটি অংক বই তিনশ' টাকা দিয়ে ক্রয় করেছেন। ইত্তেফাকে আরও প্রকাশ, বই কিনতে হলে স্কুলের প্রধান শিক্ষকের সনদপত্র এবং বেতন পরিশোধের রসিদ দেখিয়ে লাইনে দাঁড়িয়ে বই কিনতে হবে।

তাহলে স্বভাবতই প্রশ্ন জাগে একজন খেটে খাওয়া মানুষের একটি ছেলে কিংবা মেয়ে যদি স্কুলে অধ্যয়নরত থাকে তাহলে তার পক্ষে এই মূল্য দিয়ে বই কেনা সম্ভব কি না এবং এই শ্রেণীর লোকের ছেলে-মেয়ে আদৌ শিক্ষার আলো পাবে কি না?

শিক্ষার সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমার বিনীত জিজ্ঞাসা, বই কেনার সাথে স্কুলের প্রধান শিক্ষকের সনদপত্র এবং বেতন পরিশোধের সম্পর্ক কি?

বই প্রকাশে বিলম্ব, প্রধান শিক্ষকের সনদপত্র, বেতন পরিশোধের রসিদ এবং লাইনে দাঁড়িয়ে বই কেনা শিক্ষার পথে অন্তরায় কিনা? এই পদক্ষেপ সবার জন্য শিক্ষার সহায়ক কি না?

জাকির হোসেন জিকো।
কুলিয়ারচর সদর,
কিশোরগঞ্জ।